

নবীদের কাহিনী

বিভাগ/অধ্যায়ঃ হযরত মুহাম্মাদ (সাঃ) - মাদানী জীবন রচয়িতা/সঙ্কলকঃ ডঃ মুহাম্মাদ আসাদুল্লাহ আল-গালিব

ওহোদ যুদ্ধের উল্লেখযোগ্য বিষয়সমূহ- ২. পিতা ও পুত্র পরস্পরের বিপক্ষে (الوالد والولد معارض للآخر)

হিজরতের পূর্বে মদীনার আউস গোত্রের সর্দার ও ধর্মযাজক ছিলেন আবু 'আমের আর-রাহেব'। হিজরতের পরে তিনি মক্কায় চলে যান এবং কুরায়েশদের পক্ষে ওহোদ যুদ্ধে যোগদান করেন। সেজন্য রাসূল (ছাঃ) তার লকব দেন আবু 'আমের আল-ফাসেক'। পক্ষান্তরে তার পুত্র 'হানযালা' ছিলেন মুসলিম বাহিনীর সেই তরুণ সৈন্য যিনি সবেমাত্র বিয়ে করে বাসর যাপন করছিলেন। অতঃপর যুদ্ধের ঘোষণা শুনেই নাপাক অবস্থায় ময়দানে চলে আসেন এবং ভীষণ তেজে যুদ্ধ করে শহীদ হন। ফেরেশতাগণ তাকে গোসল দেন। এজন্য তাঁকে 'গাসীলুল মালায়েকাহ' বলা হয়'।[1]

ফুটনোট

[1]. ইবনু হিশাম ২/৭৫; যাদুল মা'আদ ৩/১৭২; আর-রাহীক ২৮১ পৃঃ।

Source — https://www.hadithbd.com/books/link/?id=5452

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন